উপজেলা/ থানা সমবায় অফিসারের ক্ষমতা ও দায়িত্ব

১) সংশ্লিষ্ট উপজেলা/থানায় সমবায় অধিদপ্তরের নির্বাহী প্রধান হিসেবে সমবায় সমিতি ও প্রশাসনিক কর্মকান্ডের সমন্বয় সাধন;
২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলার অন্যান্য বিভাগীয় কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করা, উন্নয়ন সমন্বয় কমিটিতে সমবায় সম্পর্কিত বিষয়াদি উপস্থাপন ও সমন্বয় সাধন করা; জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও অন্যান্য উর্ধতন প্রশাসনিক কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত জনগুরুত্বপূর্ণ কার্যাদি সম্পন্ন করা;
৩) তার উপজেলা/থানার সমবায় সমিতি সমূহের যাবতীয় হালনাগাদ তথ্যাদি সম্বলিত মাষ্টার রেজিষ্টার, অডিট রেজিষ্টারসহ বিভিন্ন তথ্যাদি সংরক্ষন ;
৪) উপজেলা/থানাধীন সমবায় সংশ্লিষ্ট সকল প্রকার উন্নয়ন প্রকল্প, ঋণ বিতরন ও আদায় এবং ভ্রাম্যমান প্রশিক্ষক দলের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন, বৃক্ষ রোপন, প পরিকল্পনা, গণশিক্ষা ইত্যাদি সহ সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসুচী বাস্তবায়নে সহযোগিতা করা।
৫) জনসাধারনকে সমবায় আর্দশে উদ্বুদ্ধ করে সমবায় সমিতি সংগঠিত করা এবং বিদ্যমান সমিতি সমূহ যথাযথ নার্সিং এবং উপজেলা/ থানায় কর্মরত প্রত্যেক (সহকারী পরিদর্শক) ব্যক্তিগত তদারকীর মাধ্যমে অন্ততঃ তিনটি প্রাথমিক সমিতির উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করা;
৬) সমবায় অধিদপ্তরের সঙ্গে সমঝোতা স্মারক (এমওইউ) থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের স্থানীয় কর্মকর্তা হতে নিবন্ধনের সুপারিশ সম্বলিত প্রত্যয়ন পত্র প প্রধানমন্ত্রীর দপ্তরের আওতায় বাস্তবায়নাধীন আশ্রয়ন/আবাসন, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, এলজিইডি, পানি উন্নয়ন বোর্ড ও সরকারী অন্যান্য প্রতিষ্ঠান কর্মসূচীর আওতায় সংগঠিত সমবায় সমিতি নিবন্ধন;
৭) সমবায় সমিতি আইন ও বিধিমালার শর্তপালন সাপেক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত পরিশোধিত শেয়ার মূলধন বিশিষ্ট প্রাথমিক সমবায় স ধারায় অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি এবং বিধিমালার ২৬ বিধিমূলে নির্বাচন কমিটি নিয়োগ করা;
৮) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত পরিশোধিত শেয়ার মূলধন বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতি সমূহের বার্ষিক অডিট কর্মসূচী প্রণয়ন ও উপজেলাধীন স পরিদর্শকদের নামে অডিট বরাদ্দ প্রদান করা;
৯) সহকারী পরিদর্শক এবং থানা/ উপজেলায় অডিট কার্যে নিয়োজিত অন্যান্য অডিট অফিসারদের নামে বরাদ্দকৃত অডিট যথাসময়ে সম্পাদন নিশ্চিত করা;
১০) প্রাথমিক সমবায় সমিতির অডিট নোট পরীক্ষা নিরীক্ষা ও সংশোধনী দাখিল নিশ্চিত করা;
১১) প্রাথমিক সমবায় সমিতির অডিট রিপোর্টে প্রাপ্ত অনিয়ম, আইনের লংঘন, তছরুপ/ আত্মসাৎ সম্পর্কে আইনুগ ব্যবস্থা গ্রহনের জন্য জেলা সমবায় কর্মকর্তার নি প্রেরণ করা;
১২) অডিট ফি ধার্য ও যথা সময়ে আদায় নিশ্চিত করতঃ সংশ্লিষ্ট ট্রেজারীর মাধ্যমে চালানে জমা করে হিসাব রক্ষন অফিসের প্রত্যয়ন সহ উর্ধতন কর্তৃপক্ষকে অবহি
১৩) কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট কার্য সম্পাদন করা;
১৪) সমবায় আইন ও বিধি মোতাবেক কেন্দ্রীয় ও প্রাথমিক সমিতির সিডিএফ আদায় নিশ্চিত করা;
১৫) সমবায় সমিতির মাসিক, ত্রৈমাসিক, বিশেষ এবং বার্ষিক পরিসংখ্যান/রিপোর্ট-রিটার্ন তৈরী ও যথাসময়ে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করা;
১৬) প্রতি মাসে কমপক্ষে ৪টি কার্যকর প্রাথমিক সমিতি পরিদর্শন করা;
১৭) উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্ব প্রাপ্ত হলে সমবায় সমিতির তদন্ত সম্পাদন, অবসায়ন কাজ সম্পাদন করা;
১৮) বৎসরে কমপক্ষে একবার নিজ অফিস পরিদর্শন করা;
১৯) অধীনস্থ সকল কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ন্ত্রণ করা ও সঠিক দিক নির্দেশনা প্রদান করা;
২০) অধীনস্থ সকল নন-গেজেটেড কর্মচারীর আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন, বিল ভাউচার পাশ, অধীনস্থ কর্মচারীদের ভ্রমণ ভাতা বিল ও অগ্রিম বর্ধিত বেতন বৃদ্ধির আদেশ জারী;
২১) উপজেলা সমবায় কার্যালয়ের বাজেট বরাদ্দ বিষয়ে জেলা সমবায় অফিসারের মাধ্যমে যুগ্ম-নিবন্ধক কার্যালয়ে প্রস্তাব প্রেরণ;
২২) অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ হতে আর্থিক ক্ষমতা সংক্রান্ত জারিকৃত তফসিলে বর্ণিত অধীনস্থ অফিস সমূহ ক্যাটাগরি-৩ এর যাবতীয় আর্থিক
২৩) তার অধীনস্থ কর্মচারীর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহনের প্রয়োজন হলে উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবরে অভিযো
২৪) অধীনস্থ কর্মচারীদের অর্জিত ছুটি, চিত্ত বিনোদন ছুটি ও অন্যান্য ছুটি, উচ্চতর বেতন স্কেল এবং টাইম স্কেল প্রদানের জন্য উর্ধতন কর্তৃপক্ষের নিকট সু করা;
২৫) অধীনস্থ কর্মচারীদের চাকুরী বহি সংরক্ষণ করা; বিভাগীয় নির্দেশ অনুযায়ী বিভিন্ন তথ্য সংরক্ষণ ও রেকর্ড-রেজিষ্টার হাল নাগাদ রাখা; সরকার, অধিদপ্তর ও অন্যান্য উর্ধবতন কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত পরিপত্র/ প্রজ্ঞাপন/ আদেশ/ নির্দেশ মোতাবেক কার্যাদি সম্পাদন করা;
২৬) তার অধীনস্থ কর্মচারীদের নৈমিত্তিক ছুটি, ভ্রমণ সূচী, ভ্রমণ বৃত্তান্ত অনুমোদন, বার্ষিক গোপনীয় প্রতিবেদন অনুস্বাক্ষর;
২৭) কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালন করা;

তিনি জেলা সমবায় অফিসারের নিয়ন্ত্রণে দায়িত্ব পালন করবেন।